বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

সাধারণ শাখা

কেন্দ্রে করোনা পরিস্থিতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মনজুর হোসেন রেক্টর
সভার তারিখ	৬ জুলাই ২০২১
সভার সময়	সকাল ১০.৩০ মি.
স্থান	অনলাইনে
উপস্থিতি	অনলাইনে সংযুক্তি

সভায় অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। কেন্দ্রে বর্তমানে করোনা পরিস্থিতি, করোনায় আক্রান্তদের চিকিৎসা সেবা প্রদান, করোনা বিস্তার রোধে করণীয় এবং লকডাউনকালীন দাপ্তরিক কার্যক্রম এগিয়ে নেয়া প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। কেন্দ্রের কয়েকজন পরিচালক, সকল এমডিএস আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.ম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	স্বাস্থ্যবিধি মেনে মসজিদে নামাজ আদায়	ধর্ম মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণ করা হচ্ছেনা মর্মে সভায় আলোচনা হয় । মসজিদে পুরাপুরি স্বাস্থ্যবিধি মেনে নামাজ আদায়ের নিমিত্ত শারীরিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা, স্যানিটাইজার রাখা, শিশু, বৃদ্ধ ও অসুস্থদেরকে মসজিদে আসা থেকে বিরত রাখার বিষয়ে সভায় উপস্থিত সকলেই মতামত ব্যক্ত করেন। উপরোক্ত বিষয়গুলো ইমাম সাহেব আগামী ২দিন প্রতি ওয়াক্ত নামজের আগে মুসল্লিগণকে উদ্বুদ্ধ করবেন মর্মে আলোচনা হয় ।	ধর্ম মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা মেনে নামাজ আদায় করতে হবে। ইমাম সাহেব প্রতি ওয়াক্ত নামাজের আগে মুসল্লীদেরকে স্বাস্থ্য বিধি অনুসরণে উদ্বুদ্ধ করবেন। বাস্তবায়নে: মসজিদ কমিটি এবং ইমাম, বিপিএটিসি ।
২	ঘর থেকে বের হলেই স্বাস্থ্যবিধি অনুসরণ	ঘর থেকে কেউ বের হলেই আবশ্যিকভাবে মাস্ক পড়তে হবে, শারীরিক দূরত্ব বজায় রেখে চলতে হবে। অসুস্থ্য হলে ঘরের বাইরে যাওয়া যাবেনা। শুধুমাত্র ডাক্তারের পরামর্শ/নির্দেশ ছাড়া ঘর হতে বের হওয়া যাবে না মর্মে আলোচনা হয়। এ সকল বিষয়ে কেহ ব্যতয় ঘটলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া হয়।	ঘর থেকে বের হলেই মাস্ক পড়তে হবে, শারীরিক দূরত্ব বজায় রেখে চলতে হবে। ডাক্তারের পরামর্শ ব্যতীত অসুস্থ্য কেহ ঘর হতে বের হতে পারবেনা। কেহ নির্দেশনা অমান্য করলে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি এবং পরিচালক (প্রশাসন)

৩	লকডাউনকালীন নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহ	লকডাউনকালীন নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহের জন্য ১ নম্বর গেইটে বাজার বসানোর ব্যবস্থা করা এবং যারা কেন্দ্রের মার্কেটে মালামাল সবরবরাহ করে তাদের স্বাস্থ্যবিধি মেনে ২ নম্বর গেট দিয়ে প্রবেশের ব্যবস্থা রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।	লকডাউনকালীন নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র সরবরাহের জন্য ১ নম্বর গেইটে বাজার বসাতে হবে। যারা কেন্দ্রের মার্কেটে মালামাল সবরবরাহ করে তাদের স্বাস্থ্যবিধি মেনে ২ নম্বর গেট দিয়ে প্রবেশের ব্যবস্থা রাখতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি
৪	কেন্দ্রে প্রবেশ নিয়ন্ত্রণ এবং স্বাস্থ্যবিধি অনুসরণ করে কেন্দ্রে প্রবেশ নিশ্চিতকরণ।	বাইরে থেকে যারা ব্যাংকে বা জরুরী প্রয়োজনে কেন্দ্রে আসেন এবং যারা দাপ্তরিক প্রয়োজনে কেন্দ্রের বাইরে যাবেন প্রত্যাবর্তনকালে গেইটে স্থাপিত বেসিনে হাত ধুয়ে মাস্ক পরিহিত অবস্থায় কেন্দ্রে প্রবেশ করবেন মর্মে আলোচনা হয়। এছাড়া বেসিনে প্রয়োজনীয় সাবান/লিকুইড রাখার এবং বেসিন পরিস্কার রাখার নির্দেশনা দেয়া হয়।	বাইরে থেকে কেন্দ্রে প্রবেশকালে গেইটে স্থাপিত বেসিনে হাত ধুয়ে মাস্ক পড়ে কেন্দ্রে প্রবেশ করতে হবে। এছাড়া বেসিনে প্রয়োজন অনুযায়ী সাবান রাখা, সার্বক্ষণিক পানি সরবরাহ রাখাসহ বেসিন পরিস্কার রাখতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপকমিটি ও উপপরিচালক (সেবা)
৫	দাপ্তরিক কার্যক্রম ই-নথি/অনলাইনে সম্পাদন	দাপ্তরিক কার্যক্রম যথাসম্ভব সচল রাখার জন্য ই-নথি/অনলাইনের সর্বোচ্চ ব্যবহার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। লকডাউনের মধ্যে গবেষণা কার্যক্রম এগিয়ে নেয়ার বিষয়ে আলোচনা হয়।	দাপ্তরিক কার্যক্রম যথাসম্ভব সচল রাখার জন্য ই-নথি/অনলাইনে কার্যক্রম সম্পাদন করতে হবে। গবেষণা কার্যক্রমকে এগিয়ে নিতে হবে। বাস্তবায়নে: কর্মকর্তা সকল
৬	স্বাস্থ্যবিধি অনুসরণ করে কেন্দ্রের উন্নয়নমূলক কার্যক্রম সম্পাদন	কেন্দ্রের সকল উন্নয়নমূলক কার্যক্রমে জড়িত শ্রমিকদের শতভাগ মাস্ক পড়া নিশ্চিতকরণ এবং তারা যেন কেন্দ্রের অভ্যন্তরে ঘুরা ফেরা না-করে সে বিষয়টি নিশ্চত করার বিষয়ে আলোচনা হয়।	কেন্দ্রের উন্নয়নমূলক কার্যক্রমে জড়িত শ্রমিকদের শতভাগ মাস্ক পড়া নিশ্চিত করতে হবে। কেন্দ্রে অভ্যন্তরে ঘুরা ফেরা নিষেধ করতে হবে। বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (সকল) এবং উপপরিচালক (সেবা)
৭	স্বাস্থ্য অধিদপ্তর হতে ভ্যাকসিন সংগ্রহ	কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী এবং প্রশিক্ষণার্থীদের ভ্যাকসিন প্রদানের নিমিত্ত ভ্যাকসিন প্রাপ্তির জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারী এবং প্রশিক্ষণার্থীদের ভ্যাকসিন প্রদানের নিমিত্ত ভ্যাকসিন প্রাপ্তির জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস) এবং মেডিকেল অফিসার

৮	কোরবানীর পশু ক্রয় ও রক্ষণাবেক্ষণ	কোরবানীর পশু ক্রয় ও রক্ষণাবেক্ষণের জন্য গত বছরের ন্যায় কমিটি গঠন এবং সরকারী নির্দেশনা মোতাবেক ঈদ-উল আযহা উদযাপন করার বিষয়ে আলোচনা হয়।	কোরবানীর পশু ক্রয় ও রক্ষণাবেক্ষণের জন্য গত বছরের ন্যায় কমিটি করতে হবে। সরকারী নির্দেশনা প্রতিপালনপূর্বক ঈদ-উল আযহা উদযাপন করতে হবে। বাস্তবায়নে: করোনা প্রতিরোধ সংক্রান্ত উপদেষ্টা কমিটি
৯	কেন্দ্রে করোনা প্রতিরোধ সংক্রান্ত কমিটির কার্যক্রম	কেন্দ্রে করোনা প্রতিরোধের নিমিত্ত গঠিত সকল কমিটিকে টিওআর মোতাবেক কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়।	কেন্দ্রে করোনা প্রতিরোধের নিমিত্ত গঠিত সকল কমিটিকে টিওআর মোতাবেক সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি (সকল)

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সকলের সুস্থ্যতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মনজুর হোসেন
রেক্টর

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১২৬.০৮.০০৩.২০.১৩২

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৮
০৯ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।

২) রেক্টর-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) কর্মচারী (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩।

মোঃ সিদ্দিকুর রহমান
পরিচালক